



চোটের কারণে নেপালের বিপক্ষে মাঠে নামছেন না হামজা চৌধুরি



সংগৃহীত ছবি

সেপ্টেম্বর উইন্ডোতে নেপালের বিপক্ষে দুই ম্যাচে মাঠে নামছেন না বাংলাদেশি বংশোদ্ভূত ইংলিশ ফুটবলার হামজা চৌধুরি। অনেকদিন ধরেই তার অনুপস্থিতি নিয়ে গুঞ্জন থাকলেও মঙ্গলবার (২ সেপ্টেম্বর) আনুষ্ঠানিকভাবে বিষয়টি নিশ্চিত করেছে বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বافুফে)। আগামীকাল জাতীয় দল নেপালের উদ্দেশে রওনা দেবে। ৬ ও ৯ সেপ্টেম্বর কাঠমান্ডুতে দুটি প্রীতি ম্যাচ খেলবে জামাল ভূঁইয়ারা।

আজ বিকেলে বাফুফে ভবনে জাতীয় দলের ম্যানেজার আমের খান এবং বাফুফে সভাপতি তাবিথ আউয়াল উপস্থিত ছিলেন। আলোচনা শেষে সাংবাদিকদের আমের খান বলেন, “হামজা নেপাল সফরে আসছেন না। শেষ ম্যাচে তিনি কিছুটা ব্যথা পেয়েছেন। আবার ১৩ সেপ্টেম্বর লেস্তার সিটির খেলা রয়েছে। তার ক্লাব সূচি এবং ফিটনেস বিবেচনায় সেপ্টেম্বর উইন্ডোতে তাকে খেলতে না পাঠানোর সিদ্ধান্ত জানানো হয়েছে।”

জাতীয় দলের কোচ হ্যাভিয়ের ক্যাবরেরার তালিকায় থাকার কারণে বাফুফে হামজাকে নিয়ে পরিকল্পনা করেছিল। এমনকি তাকে সরাসরি কাঠমান্ডু পাঠানোর প্রস্তুতিও চলছিল। ফিফার নিয়ম অনুযায়ী ক্লাবগুলোকে ৪৮ ঘণ্টা আগে খেলোয়াড় ছাড়তে হয়, তাই ৬ সেপ্টেম্বরের ম্যাচের জন্য হামজার ৪ সেপ্টেম্বর নেপালে থাকার কথা ছিল। তবে লেস্তার সিটি এবং হামজার এজেন্টের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখতে ফেডারেশন নমনীয় অবস্থান নেয়।

হামজার অনুপস্থিতির কারণ তার সাম্প্রতিক চোট। গত শুক্রবার ইংলিশ লিগ চ্যাম্পিয়নশিপে বার্মিংহাম সিটির বিপক্ষে ম্যাচে লেস্তার জয়ের দিনে (২-০) কেসি এন্ডারসনের সঙ্গে সংঘর্ষে আঘাত পান তিনি। কিছুক্ষণ খুঁড়িয়ে হাঁটার পরই বদলি হয়ে মাঠ ছাড়েন। যদিও লেস্তার ক্লাব বা ইংলিশ গণমাধ্যম এ নিয়ে বিস্তারিত কিছু জানায়নি। ম্যাচ শেষে জয় উদযাপনের কয়েকটি ছবি অবশ্য সামাজিক মাধ্যমে শেয়ার করেছিলেন বাংলাদেশি বংশোদ্ভূত এই মিডফিল্ডার।